



আমাদের বার্তা



৭ই মার্চ ২০২৬
রোজ *

হাজী মুহম্মদ

বেগম জিয়ার রুহের মাগফেরাত কামনায় ঢাবিতে দোয়া

■ আমাদের বার্তা, ঢাবি

সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হাজী মুহম্মদ মুহসীন হলে কোরআন খতম, দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত শনিবার হাজী মুহম্মদ মুহসীন হল শাখা ছাত্রদল এই দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করে। এতে মুহসীন হল ছাত্রদলের নেতা-কর্মী, সাধারণ শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীরা অংশ নেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুহসীন হল শাখা ছাত্রদলের আহ্বায়ক আবুজার গিফারি ইফাত এবং সঞ্চালনা করেন সদস্য সচিব মনসুর আহমদ।

সভাপতির বক্তব্যে আবুজার গিফারি ইফাত বলেন, লড়াই সংগ্রামে দেশনেত্রী

বেগম খালেদা জিয়া আমাদের রাজপথের অনুপ্রেরণা। হাজী মুহম্মদ মুহসীন হল ছাত্রদল সেই অনুপ্রেরণা নিয়ে সামনে এগিয়ে যেতে চায়।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস, সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সিনিয়র যুগ্ম সম্পাদক নাছির উদ্দীন শাওন, সহ-সভাপতি আনিসুর রহমান খন্দকার অনিক, মুহসীন হলের সাবেক সদস্য সচিব শফিকুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, সাবেক সভাপতি ওমর ফারুক মামুন, কেন্দ্রীয় ছাত্রদলের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মিনহাজ আহমেদ প্রিন্স, ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাবেক যুগ্ম সম্পাদক এস এম মাহমুদুল হাসান রনি, ঢাবি ছাত্রদলের আপ্যায়ন সম্পাদক আরিফুল ইসলামসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।



DU in Media

09 March 2026

২৪ ফাল্গুন ১৪৩২

সংগ্রাম



ডুয়ামের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইফতার ও বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যামনাই অ্যাসোসিয়েশন অব মালয়েশিয়া (ডুয়াম)-এর উদ্যোগে ইফতার ও ফলারশিপ সেরেমনি ২০২৬ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম.বি.এ ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আসফাকুন্নাহ আসিফ। এ সময় ২০২৬ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মেধাবী ছাত্র ছাত্রীর শিক্ষার্থীর মাঝে ডুয়ামের পক্ষ থেকে বৃত্তি প্রদান করা হয়।

বাংলাদেশি ফলারশিপ কমিটির সভাপতি আব্দুল বাশিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্সালি যুক্ত হন ডুয়ামের সভাপতি সুরাইয়া নাহার। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, জ্ঞান, সততা ও মানবিক মূল্যবোধ ধারণ করে নিজেদের দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে এবং দেশের উন্নয়নে অবদান রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্রীন চ্যাম্পিয়ন একাডেমির ট্রেনার আহসান হাবীব,

বিশিষ্ট ইসলামী সংগীতশিল্পী আ. রউফ এবং ইন্ডিনিয়ার ফেরদৌস আলম। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশি ফলারশিপ কমিটির সেক্রেটারি মো. সামসুল হক।

অতিথিরা তাদের বক্তব্যে বলেন, প্রতিকূলতা অতিক্রম করে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পেয়েছে, তারাই ভবিষ্যতে দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তাই শিক্ষার্থীদের অধ্যবসায়, সততা ও মানবিক মূল্যবোধ ধারণ করে এগিয়ে যাওয়ার আহ্বান জানান তারা।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা জানান, ডুয়ামের এই আর্থিক সহায়তা তাদের উচ্চশিক্ষার পথচলায় বড় সহায়ক হবে। এমন উদ্যোগের জন্য তারা সংগঠনটির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

পুরো অনুষ্ঠান সম্বালনা করেন আব্দুল্লাহ আল নোমান। শেষে দেশের সমৃদ্ধি ও শিক্ষার্থীদের কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।